



...  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৪.২২.৩০৭

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯

০৭ জুন ২০২২

বিষয়: রিট পিটিশন নং-৯৪৫/২০২২ মামলার গত ১৩/০২/২০২২খ্রি. তারিখের রায়/আদেশের আলোকে পিটিশনার কর্তৃক গত ২২/০৬/২০২১খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরণ সংক্রান্ত।

সূত্র: মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৪৫/২০২২ মামলার রায় পিটিশনারের গত ২২/০৬/২০২১খ্রি. তারিখের আবেদনের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন রানীপুর নুরুল হদা আলিম মাদ্রাসা প্রভাষক-আরবি (ইনডেক্স নং-R-2007690) জনাব মো: পয়গাম আলী কর্তৃক “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি সম্পর্কিত প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা’র সরকারী অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০ (সংশোধিত, ২০১৩)” এর বিধানমতে সহকারী অধ্যাপক স্কেল প্রদানের জন্য গত ২২/০৬/২০২১খ্রি. তারিখে ডিজি, ডিএমই বরাবর আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনটির নিষ্পত্তিমূলক জবাব না পাওয়ায় জনাব মো: পয়গাম আলী কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৯৪৫/২০২২ মামলা দায়ের করা হয়েছে।

২। রিট পিটিশন নং- ৯৪৫/২০২২ মামলায় কোন রুল ইস্যু না করে মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৩/০২/২০২২খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ-

“Considering the facts and circumstances we are of the view that justice would be done if a direction be given upon the evident in (annexure-h and h-1) to the instant writ petition within a fixed period. Accordingly, no rule is called for. The respondent Nos. 1 and 2 are strictly directed to dispose of the applications dated 22.06.2021 as evident in (Annexure- H and H-1) to the instant writ petition in accordance with the relevant law and rules within 15 (fifteen) working days from the date of receipt of the inatant order without fail. With this observation and direction, the instant application is disposed of.

৩। রিট মামলার উক্ত রায়ে ১ ও ২ নং রেসপন্ডেন্ট (সচিব, টিএমইডি ও ডিজি, ডিএমই)-কে পিটিশনারের ২২/০৬/২০২১খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করা জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের সহকারী অধ্যাপক স্কেল প্রদান সংক্রান্ত বিষয়টি ডিএমই সংশ্লিষ্ট বিধায় বিষয়টি ডিজি, ডিএমই কর্তৃক নিষ্পত্তি হওয়া প্রয়োজন।

৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৪৫/২০২২ মামলার গত ১৩/০২/২০২২খ্রি. তারিখের রায় / আদেশের আলোকে পিটিশনার কর্তৃক গত ২২/০৬/২০২১খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তিক্রমে পিটিশনারসহ টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: রিট নং-৯৪৫/২০২২ মামলার রায় ও পিটিশনারের আবেদনের কপি।  
(5876/potrojariAttachmentRef/30463/0/4337)

৭-৬-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ

সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫২৩৬১

ফ্যাক্স: ০২-৯৫৮৪৪৬৬

ইমেইল: dstmed17@yahoo.com

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৪.২২.৩০৭/১(৪)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯  
০৭ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) সহকারী পরিচালক, আইন শাখা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড ভবন, বেলী রোড, ঢাকা।

৭-৬-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ

সহকারী সচিব